তারিখ 31 MAR 1997
পৃঃ 7 কলাম 7

THE BANGLADESH OBSERVER

# বিজ্ঞপ্তি

## শিশু জরিপ ১৯৯৭

বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচী বাস্তবায়নের জন্য প্রতি বছরে শিশু জরিপ করা হয়ে থাকে। শিশু জরিপের মাধ্যমে বিদ্যালয়ে গমনের উপযোগী শিশুর সংখ্যা, ভর্তির হার, সাক্ষরতার হার প্রভৃতি জানা যায়। প্রাথমিক শিক্ষা উন্নয়ন তথা শিশুর সার্বিক উন্নয়ন সংক্রান্ত কর্মসূচী প্রণয়নে এ তথ্য ব্যবহৃত হয়ে থাকে। এ বছর ০১ এপ্রিল হতে ০৩ এপ্রিল '৯৭ পর্যন্ত ৩ দিনের জন্য দেশব্যাপী শিশু জরিপ অনুষ্ঠিত হবে এবং এই সময়ে সকল সরকারী ও রেজিস্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের ক্লাসসমূহ স্থগিত থাকবে। জরিপকালে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ বাড়ি বাড়ি গিয়ে শিশুদের সম্পর্কে তথ্য সংগ্রহ করবেন। সকল শিশুর প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণের জন্য এই তথ্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। দেশের আপামর জনগোষ্ঠীকে শিক্ষিত করার মাধ্যমে একটি উন্নত দেশ গঠনের লক্ষ্যে শিশু জরিপের সাথে সংশ্লিষ্ট শিক্ষক এবং কর্মকর্তাদেরকে সঠিক তথ্য সরবরাহসহ সকল সহযোগিতা প্রদান করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হচ্ছে।

**প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ**

ডিএফপি-৭৮১০-৩০/৩ ডি-৫০৬৯